

প্রেস বিজ্ঞপ্তি
জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের বাজার তদারকিঃ
বিভিন্ন অপরাধে ৪১টি প্রতিষ্ঠানকে ২.৩৬ লক্ষ টাকা জরিমানা

১৭ মে ২০১৬

বাণিজ্য মন্ত্রণালয়ধীন জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের বিভাগীয় ও জেলা কার্যালয়ের ১২ জন কর্মকর্তার নেতৃত্বে ঢাকা মহানগর, রাজশাহী, মানিকগঞ্জ, মাদারীপুর, গাজীপুর, নারায়ণগঞ্জ, নোয়াখালী, সিলেট, চাঁপাইনবাবগঞ্জ, নীলফামারী ও চট্টগ্রামে আজ বাজার তদারকি করা হয়।

ঢাকা বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক ফাহমিনা আক্তারের নেতৃত্বে ঢাকা মহানগরীর রমনা এলাকায় অভিযোগের ভিত্তিতে ধার্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রয়ের অপরাধে Euro Asiana Restaurant, ফখরুদ্দীন বিরিয়ানী এন্ড কাবাব ও খানা বাসমতিকে যথাক্রমে ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা, ৪,০০০/- (চার হাজার) টাকা ও ৫,০০০/- (পাঁচ হাজার) টাকাসহ মোট ১৪,০০০/- (চৌদ্দ হাজার) টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয় এবং ৩ জন অভিযোগকারীকে জরিমানার ২৫% হিসাবে ৩,৫০০/- (তিন হাজার পাঁচশত) টাকা তাৎক্ষণিকভাবে প্রদান করা হয়।

অন্যদিকে প্রধান কার্যালয়ের সহকারী পরিচালক আবদুল্লাহ আল মাসুমের নেতৃত্বে ঢাকা মহানগরীর পল্টন এলাকায় ধার্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রয়ের অপরাধে চায়না গার্ডেনকে ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা ও অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য-পণ্য তৈরীর অপরাধে হোটেল লিজা এন্ড রেস্টুরেন্টকে ৮,০০০/- (আট হাজার) টাকাসহ মোট ১৩,০০০/- (তের হাজার) টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়।

সিলেট বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক এ এস এম মাসুম-উদ-দৌলার নেতৃত্বে সিলেটের ওসমানীনগর উপজেলায় ৫টি প্রতিষ্ঠানকে ৩১,৫০০/- (একত্রিশ হাজার পাঁচশত) টাকা, মানিকগঞ্জ জেলা কার্যালয়ের সহকারী পরিচালক ফারুক আহমেদের নেতৃত্বে মানিকগঞ্জ সদর উপজেলায় ৫টি প্রতিষ্ঠানকে ১৪,০০০/- (চৌদ্দ হাজার) টাকা, মাদারীপুর জেলা কার্যালয়ের সহকারী পরিচালক জাম্মাতুল ফেরদাউসের নেতৃত্বে মাদারীপুর সদর উপজেলায় ৩টি প্রতিষ্ঠানকে ১০,০০০/- (দশ হাজার) টাকা, গাজীপুর জেলা কার্যালয়ের সহকারী পরিচালক রোজিনা সুলতানার নেতৃত্বে গাজীপুর সদরের চান্দনা চৌরাস্তা এলাকায় ৫টি প্রতিষ্ঠানকে ৩৮,০০০/- (আটত্রিশ হাজার) টাকা, নারায়ণগঞ্জ জেলা কার্যালয়ের সহকারী পরিচালক তাহমিনা বেগমের নেতৃত্বে নারায়ণগঞ্জের সিদ্ধিরগঞ্জ থানায় ২টি প্রতিষ্ঠানকে ৩০,০০০/- (ত্রিশ হাজার) টাকা, নোয়াখালী জেলা কার্যালয়ের সহকারী পরিচালক জয়াস চাকমার নেতৃত্বে নোয়াখালীর সুবর্ণচর উপজেলায় ৩টি প্রতিষ্ঠানকে ৮,৫০০/- (আট হাজার পাঁচশত) টাকা, চট্টগ্রাম জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোহাম্মদ ফয়েজ উল্লাহের নেতৃত্বে চট্টগ্রামের রাউজান উপজেলায় ৪টি প্রতিষ্ঠানকে ২০,০০০/- (বিশ হাজার) টাকা, রাজশাহী জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ সাইফুল আলমের নেতৃত্বে রাজশাহীর পুঠিয়া উপজেলার বানেশ্বর বাজারে ১টি প্রতিষ্ঠানকে ১০,০০০/- (দশ হাজার) টাকা, নীলফামারী জেলা কার্যালয়ের সহকারী পরিচালক আফসানা পারভীনের নেতৃত্বে নীলফামারীর সৈদয়পুর উপজেলায় ৪টি প্রতিষ্ঠানকে ৩৭,০০০/- (সাতত্রিশ হাজার) টাকা এবং চাঁপাইনবাবগঞ্জ জেলা কার্যালয়ের সহকারী পরিচালক কৃষ্ণ পদ ঢালীর নেতৃত্বে চাঁপাইনবাবগঞ্জ সদর উপজেলায় ৪টি প্রতিষ্ঠানকে ১০,৫০০/- (দশ হাজার পাঁচশত) টাকাসহ মোট ২,০৯,৫০০/- (দুই লক্ষ নয় হাজার পাঁচশত) টাকা অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য-পণ্য তৈরী, পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকা, পণ্যের মূল্যের তালিকা প্রদর্শন না করা, খাদ্য পণ্যে নিষিদ্ধ দ্রব্যের মিশ্রণ, অবহেলা ইত্যাদি দ্বারা সেবাগ্রহীতার অর্থ, স্বাস্থ্যহানী ইত্যাদি ঘটানো, মেয়াদ উত্তীর্ণ পণ্য বা ঔষধ বিক্রয়ের অপরাধে জরিমানা আরোপ ও আদায় করা হয়।

আজকের ১২টি বাজার তদারকিতে ৪১টি প্রতিষ্ঠানকে মোট ২,৩৬,৫০০/- (দুই লক্ষ ছত্রিশ হাজার পাঁচশত) টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়। আদায়কৃত জরিমানার টাকা হতে ৩ জন অভিযোগকারীদেরকে মং ৩,৫০০/- (তিন হাজার পাঁচশত) টাকা প্রদান করা হয়। তদারকিকালে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে লিফলেট ও প্যাম্পলেট বিতরণ করা হয়েছে। সংশ্লিষ্ট জেলা প্রশাসন, আর্মড পুলিশ ব্যাটালিয়ান ও জেলা পুলিশ, স্যানিটোরী ইন্সপেক্টর, বাজার কর্মকর্তা, বিএসটিআই এর প্রতিনিধি ও ক্যাব এসব তদারকি কার্যে সহায়তা প্রদান করে।

স্বাক্ষরিত/-
(আফরোজা রহমান)
সহকারী পরিচালক

অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১। মহাপরিচালক, র‍্যাব/বিটিভি/বাংলাদেশ বেতার/কৃষি বিপণন অধিদপ্তর/মৎস্য অধিদপ্তর, ঢাকা।
- ২। প্রধান তথ্য কর্মকর্তা, পিআইডি/প্রধান বার্তা সম্পাদক, বাসস, ঢাকা।
- ৩। পুলিশ কমিশনার, ঢাকা, রাজশাহী, চট্টগ্রাম, রংপুর, খুলনা ও সিলেট।
- ৪। পরিচালক (নিউজ), বাংলাদেশ বেতার আগারগাঁও, ঢাকা।
- ৫। জেলা প্রশাসক, ঢাকা মহানগর, রাজশাহী, মানিকগঞ্জ, মাদারীপুর, গাজীপুর, নারায়ণগঞ্জ, নোয়াখালী, সিলেট, চাঁপাইনবাবগঞ্জ, নীলফামারী ও চট্টগ্রাম।
- ৬। পুলিশ সুপার, ঢাকা মহানগর, রাজশাহী, মানিকগঞ্জ, মাদারীপুর, গাজীপুর, নারায়ণগঞ্জ, নোয়াখালী, সিলেট, চাঁপাইনবাবগঞ্জ, নীলফামারী ও চট্টগ্রাম।
- ৭। সিনিয়র সচিবের একান্ত সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৮। জনসংযোগ কর্মকর্তা, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
- ৯। অধিনায়ক ১, আর্মড পুলিশ ব্যাটালিয়ান, উত্তরা, ঢাকা।